জমির খতিয়ান তোলার প্রক্রিয়া:

জমির খতিয়ান বা ই-পর্চা:

দেশের যেকোন নাগরিক যেকোন জায়গা হতে তার অথবা ক্রয় করতে ইচ্ছুক জায়গা জমির বিভিন্ন রেকর্ড যেমন এসএ (SA),সিএস (CS),বিআরএস (BRS) নকল / পর্চা/ খতিয়ান/ সার্টিফাইড কপি এখন খুব সহজে অনলাইন আবেদনের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম থেকে সংগ্রহ করতে পারবেন। এর ফলে একদিকে জনগণ যেমন কোনো রকম ভোগান্তি ছাড়াই দ্রুত সেবা পাচ্ছেন, অন্য দিকে সরবরাহকৃত রেকর্ড স্বয়ংক্রিয়ভাবে ডিজিটাইজ হয়ে যাচ্ছে।

ভূমি মন্ত্রণালয়, জেলা প্রশাসন ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে ৬৪ জেলার রেকর্ডরুমের সকল রেকর্ড এসএ (SA),সিএস (CS),বিআরএস (BRS) ও খতিয়ান কপি ডিজিটাইজ করা হচ্ছে। এতে প্রায় ৪.৫ কোটি খতিয়ান রেকর্ড ডিজিটাইজ হবে। বর্তমানে প্রায় ২৩ লক্ষ ২০ হাজার রেকর্ড অনলাইন প্রদান করা হয়েছে। এর মধ্যে প্রায় ৩ লক্ষ ৯৫ হাজার রেকর্ড ইউআইএসসি থেকে প্রদান করা হয়েছে।

জমির খতিয়ান তোলার প্রক্রিয়া:

নিম্নোক্তভাবে বর্তমানে জমির খতিয়ান তোলা যায়:

ক. জেলা ই-সেবা কেন্দ্র: জেলা প্রশাসকের কার্যালয়ের জেলা ই-সেবা কেন্দ্রের মাধ্যমে ওয়ানস্টপ সার্ভিস গ্রহণ করা যায়।

খ. ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র: দেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদে অবস্থিত ইউআইএসসি থেকে নাগরিকগণ আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে ইউআইএসসি উদ্যোক্তাগণ সরকার নির্ধারিত কোর্ট ফি ছাড়াও জেলা প্রশাসন হতে নির্ধারিত হারে প্রসেসিং ফি নিবেন।

গ. জেলা ওয়েব পোর্টাল: জেলা তথ্য বাতায়নের সংশ্লিষ্ট জেলার ওয়েব পোর্টালের মাধ্যমে ব্যক্তি নিজেই নির্ধারিত ফর্মে আবেদন করতে পারবেন। জেলা ওয়েব পোর্টাল পাওয়ার জন্য আপনাকে www.districtname.gov.bd ঠিকানায় যেতে হবে। এরপর জমির খতিয়ানের জন্য আবেদন বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট ফরমটি পাওয়া যাবে।



খতিয়ানের জন্য আবেদন

জমির খতিয়ানের জন্য দু'ভাবে আবেদন করা যায়:

ক. জরুরী ডেলিভারি খ. সাধারন ডেলিভারি

জরুরী ডেলিভারীর জন্য সাধারনণত ০৩ কার্যদিবস এবং সাধারণ আবেদনের জন্য সাধারণত ০৭-১০ কর্মদিবস লাগে।

- খতিয়ান (পর্চা) টি আপনি ডাকযোগে পেতে নির্ধারিত কলাম পূরণ করতে হবে।
- আবেদনের সাথে নির্ধারিত কোর্ট ফি জেলা প্রশাসকের কার্যালয়ের সংশ্লিষ্ট জেলা ই-সেবা কেন্দ্র থেকে ক্রয় করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জেলা সেবা কেন্দ্রে জমা দেয়া যাবে। এছাড়া আবেদনের সাথে নির্ধারিত কোর্ট ফি সংযুক্ত করে ডাকযোগে জেলা ই-সেবা কেন্দ্রে জমা দিতে পারবেন। এছাড়া স্ট্যাম্প ভেন্ডর অথবা অনুমোদিত ইউআইএসসি থেকেও কোর্ট ফি ক্রয় করা যাবে।
- আপনার আবেদনের সর্বশেষ অবস্থা এসএমএস এর মাধ্যমে জানার জন্য আপনার বর্তমান মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- খতিয়ান উত্তোলন ফি: ক) সাধারণঃ কোর্ট ফি- ১০ টাকা, ডেলিভারি ফি- ২ টাকা
  খ) জরুরীঃ কোর্ট ফি- ২০ টাকা, ডেলিভারি ফি- ২ টাকা।

নিম্নে আবেদন ফর্মের একটি নমুনা দেয়া হলোঃ

নকল প্রাপ্তির আবেদন দাখিলে প্রয়োজনীয় নির্দেশিকা
 * চিহ্নিত ঘর গুলো অবশ্যই পুরন করতে হবে।
 SMS-ভিত্তিক তথ্য প্রাপ্তির জন্য আপনার চলতি মোবাইল নং প্রদান করুন।
 বাংলায় লেখার জন্য ইউনিকোডযুক্ত ফন্ট ব্যবহার করুন।

নাম : *

জাতীয় আইডি :

বর্তমান ঠিকানা :

ইমেইল :

মোবাইল নং : *

টেলিফোন নং :

নকলের ধরন : *

ডেলিভারীর প্রয়োজন : ◉ সাধারন ○ জরুরী

উপজেলা : *

মৌজা : *

জে এল নং : ◉ সক্রিয় ○ বাধ্যতামূলক

খতিয়ান নং : *

নকলটি কিভাবে পেতে চান : ◉ জেলা সেবা কেন্দ্র হতে ○ ডাকযোগে

কোর্ট ফি কিভাবে প্রদান করতে চান : ◉ জেলা সেবা কেন্দ্রে ○ ডাকযোগে

দাখিল করুন বাটনে ক্লিক করার পর প্রাপ্ত রশিদটি প্রিন্ট করে নির্দিস্ট স্থানে কোর্টফি লাগিয়ে জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছে দিন। ফরমটি প্রিন্ট করতে না পারলে যে কোন সাদা কাগজে প্রয়োজনীয় কোর্ট ফি যুক্ত করে জেলা সেবা কেন্দ্রে পৌঁছে দিন।
প্রেরনের ঠিকানা :
জেলা ই-সেবা কেন্দ্র
জেলা প্রশাসকের কার্যালয়

- খতিয়ান (পর্চা/নকল) এর আবেদনের পর জেলা প্রশাসকের কার্যালয়ের সংশ্লিষ্ট রেকর্ড রুমের কর্মকর্তাদের কয়েকটি ধাপে নির্ধারিত কাজটি সম্পন্ন করতে হয়। আবেদন করার পর সংশ্লিষ্ট অফিস সহকারী (প্রাথমিক বাছাইকারী) আবেদন যাচাই-বাছাই করেন এবং মৌজা/ উপজেলা ভিত্তিক সর্টিং করে থাকেন। সর্টিং করার পর সংশ্লিষ্ট সহকারি/ ষ্টাফ মৌজার বই সংগ্রহ করেন। অতঃপর মৌজার বই থেকে আবেদনকৃত খতিয়ানের মূল তথ্য এন্ট্রিকারক কর্তৃক এন্ট্রি করা হয়ে থাকে। এরপর যাচাইকারী ষ্টাফ কর্তৃক যাচাই-বাছাই করে তুলনাকারীর নিকট প্রেরণ করা হয়। তুলনাকারী সংশ্লিষ্ট রেকর্ডটি তুলনা করে চূড়ান্ত অনুমোদনের জন্য সহকারী কমিশনার (রেকর্ড রুম) এর নিকট প্রেরণ করেন। সহকারী কমিশনার (রেকর্ড রুম) এর চূড়ান্ত অনুমোদনের পরই আবেদনকারীকে নির্ধারিত খতিয়ান প্রদান করা হয়ে থাকে।

  আশার কথা হচ্ছে, দ্রুত এবং সহজে এ সেবা প্রদানের লক্ষ্যে বর্তমানে সিরাজগঞ্জ জেলায় একটি পাইলট প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে যার মাধ্যমে আবেদনকারীকে কোর্ট ফি প্রদান করার জন্য কোন ঝামেলা পোহাতে হবে না। অনলাইনের মাধ্যমেই কোর্ট ফি পরিশোধ করা যাবে। সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র, জেলা ই-সেবা কেন্দ্র, জেলা প্রশাসকের নির্ধারিত কাউন্টার থেকে আবেদনের পাশাপাশি ব্যাক্তি নিজেও নির্ধারিত জেলার ওয়েব পোর্টালের মাধ্যমে আবেদন করতে পারবেন।

নিম্নে বিভাগ অনুসারে বিভিন্ন জেলার ওয়েব পোর্টালের ঠিকানা দেয়া হল:

Chittagong Division

১.	BARGUNA	www.dcbarguna.gov.bd
২.	BARISAL	www.dcbarisal.gov.bd
৩.	BHOLA	www.dcbhola.gov.bd
৪.	JHALOKATI	www.dcjhalakathi.gov.bd
৫.	PATUAKHALI	www.dcpatuakhali.gov.bd
৬.	PIROJPUR	www.dcpirojpur.gov.bd

Chittagong Division

১.	BANDARBAN	www.dcbandarban.gov.bd
২.	BRAHMANBARIA	www.dcbrahmanbaria.gov.bd
৩.	CHANDPUR	www.dcchandpur.gov.bd
৪.	CHITTAGONG	www.dcchittagong.gov.bd

৫.	COMILLA	www.dccomilla.gov.bd
৬.	COX'S BAZAR	www.dccoxsbazar.gov.bd
৭.	FENI	www.dcfeni.gov.bd
৮.	KHAGRACHHARI	www.dckhagrachhari.gov.bd
৮.	LAKSHMIPUR	www.dclakshmipur.gov.bd
১০.	NOAKHALI	www.dcnoakhali.gov.bd
১১.	RANGAMATI	www.dcrangamati.gov.bd

Dhaka Division

১.	DHAKA	www.dcdhaka.gov.bd
২.	FARIDPUR	www.dcfaridpur.gov.bd
৩.	GAZIPUR	www.dcgazipur.gov.bd
৪.	GOPALGANJ	www.dcgopalganj.gov.bd
৫.	JAMALPUR	www.dcjamalpur.gov.bd
৬.	KISHOREGONJ	www.dckishoreganj.gov.bd
৭.	MADARIPUR	www.dcmadaripur.gov.bd
৮.	MANIKGANJ	www.dcmanikganj.gov.bd
৮.	MUNSHIGANJ	www.dcmunshiganj.gov.bd
১০.	MYMENSINGH	www.dcmymensingh.gov.bd
১১.	NARAYANGANJ	www.dcnarayanganj.gov.bd
১২.	NARSINGDI	www.dcnarsingdi.gov.bd
১৩.	NETRAKONA	www.dcnetrokona.gov.bd
১৪.	RAJBARI	www.dcrajbari.gov.bd
১৫.	SHARIATPUR	www.dcshariatpur.gov.bd
১৬.	SHERPUR	www.dcsherpur.gov.bd
১৭.	TANGAIL	www.dctangail.gov.bd

Khulna Division

১.	BAGERHAT	www.dcbagerhat.gov.bd
২.	CHUADANGA	www.dcchuadanga.gov.bd
৩.	JESSORE	www.dcjessore.gov.bd
৪.	JHENAIDAH	www.dcjhenaidah.gov.bd
৫.	KHULNA	www.dckhulna.gov.bd
৬.	KUSHTIA	www.dckushtia.gov.bd
৭.	MAGURA	www.dcmagura.gov.bd
৮.	MEHERPUR	www.dcmeherpur.gov.bd

৮.	NARAIL	www.dcnarail.gov.bd
১০.	SATKHIRA	www.dcsatkhira.gov.bd

Rajshahi Division

১.	BOGRA	www.dcbogra.gov.bd
২.	CHAPAINABABGANJ	www.dcchapainawabganj.gov.bd
৩.	JOYPURHAT	www.dcjoypurhat.gov.bd
৪.	PABNA	www.dcpabna.gov.bd
৫.	NAOGAON	www.dcnaogaon.gov.bd
৬.	NATORE	www.dcnatore.gov.bd
৭.	RAJSHAHI	www.dcrajshahi.gov.bd
৮.	SIRAJGANJ	www.dcsirajganj.gov.bd

Rangpur Division

১.	DINAJPUR	www.dcdinajpur.gov.bd
২.	GAIBANDHA	www.dcgaibandha.gov.bd
৩.	KURIGRAM	www.dckurigram.gov.bd
৪.	LALMONIRHAT	www.dclalmonirhat.gov.bd
৫.	NILPHAMARI	www.dcnilphamari.gov.bd
৬.	PANCHAGARH	www.dcpanchagarh.gov.bd
৭.	RANGPUR	www.dcrangpur.gov.bd
৮.	THAKURGAON	www.dcthakurgaon.gov.bd

Sylhet Division

১.	HABIGANJ	www.dchabiganj.gov.bd
২.	MAULVIBAZAR	www.dcmoulvibazar.gov.bd
৩.	SUNAMGANJ	www.dcsunamganj.gov.bd
৪.	SYLHET	www.dcsylhet.gov.bd